দৈনিক
জনকণ্ঠ

27 SEP 2016

# রবি টেন মিনিট স্কুলে ব্যাপক সাড়া

দেশজুড়ে শিক্ষার্থীদের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে রবি'র অনলাইন এডুকেশন প্ল্যাটফর্ম টেন মিনিট স্কুল। ইতোমধ্যে ১৯ হাজার ৮০৯ জন শিক্ষার্থী এই প্ল্যাটফর্মটি ব্যবহার করছে এবং মোট ৭৩৮টি শিক্ষামূলক ভিডিওতে সমৃদ্ধ এ প্ল্যাটফর্ম।

ফেসবুকের লাইভ ফিচার ব্যবহার করে ২০১৬ সালের জুন থেকে প্ল্যাটফর্মটি লাইভ ক্লাসের আয়োজন করে আসছে। পেজটিতে লাইক করে এ পর্যন্ত ৩৯ হাজার শিক্ষার্থী লাইভ ক্লাসগুলো থেকে শিক্ষাগ্রহণ করছে। সোম ও বুধবার ছাড়া প্রতিদিন রাত ৮টায় লাইভ ক্লাসগুলো পরিচালিত হয়। এ পর্যন্ত প্রায় ৭৪টি লাইভ ক্লাস অনুষ্ঠিত হয়েছে। ফেসবুক লাইভ ক্লাসের ফলোয়ার ছাড়াও ইউটিউবে ৩৩ হাজার ৩৪৫ সাবস্ক্রাইবার রয়েছে, যারা তাদের নিজেদের সুবিধামতো সময়ে ক্লাসগুলো থেকে শিক্ষাগ্রহণ করছে। ফেসবুকভিত্তিক লাইভ ক্লাসের প্রতিটিতে গড়ে ৪ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করে। প্রতিটি ক্লাসের পর বিষয়টি সম্পর্কে তাদের ধারণা আরও স্পষ্ট করার জন্য শিক্ষার্থীদের কাছ থেকে প্রায় ১ হাজার প্রশ্ন আসে। রবি টেন মিনিট স্কুলের নিবেদিত নির্দেশকরা সেই প্রশ্নগুলোর উত্তর পাঠান। -বিজ্ঞপ্তি